

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ১৫, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মূল্য সংযোজন কর]
বিশেষ আদেশ

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ/০২ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ

নং ১৬/মূসক/২০১৬—যেহেতু, ‘অনলাইনে পণ্য বিক্রয়’ (সেবার কোড S০৯৯.৫০) সেবাটিকে প্রজ্ঞাপন এস.আর.ও নং-২১৭- আইন/২০১৫/৭৩৬-মূসক, তারিখ: ০১ জুলাই, ২০১৫ খ্রিঃ এর মাধ্যমে ইতোপূর্বে মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করা হইয়াছে এবং উহা বর্তমানেও বহাল আছে; এবং

যেহেতু, ‘অনলাইনে পণ্য বিক্রয়’ সেবাটিকে প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৭৭- আইন/২০১৬/৭৫৩, তারিখ: ০২ জুন, ২০১৬ খ্রিঃ এর মাধ্যমে পুনরায় নতুনভাবে সংজ্ঞায়িত করা হইয়াছে এবং প্রকৃত ই-কমার্স সংশ্লিষ্ট ব্যবসায় প্রতিষ্ঠানের জন্য উক্ত নতুন সংজ্ঞা কার্যকর করার নিমিত্তে পূর্বের ধারাবাহিকতায় নতুনভাবে সংজ্ঞায়িত সেবাটিকেও মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করা আবশ্যিক;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সেবার কোড S০৯৯.৫০ এর আওতায় ‘অনলাইনে পণ্য বিক্রয়’ সেবাটিকে মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে
মোহাম্মদ মশিউর রহমান
দ্বিতীয় সচিব(মূসক আইন ও বিধি)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১০০৬৭)

মূল্য : টাকা ৪.০০